[redacted]

‘[redacted], [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মাহবুব হোসাইন। সার্বিক সহযোগিতায় ছিলেন কানিজ সুলতানা ও জিল্লুর রহমান রাজা।

মুজিবনগরে আন্তর্জাতিক যুব দিবস উদযাপন

‘সংঘাত নয়, শান্তি ও সম্প্রীতির বাংলাদেশ গড়ি’ এবং ‘ভিন্ন প্রেক্ষাপট, অভিন্ন আকাঙ্ক্ষা’ এই বার্তা ছড়িয়ে দেওয়ার পাশাপাশি মাদকমুক্ত যুবসমাজ গড়ার অঙ্গীকার নিয়ে মেহেরপুরের মুজিবনগরে আন্তর্জাতিক যুব দিবস ২০২৬ উদ্যাপন করা হয়েছে।

বুধবার (১২ আগস্ট) ‘শান্তি ও স্থিতিশীলতার জন্য বহুপক্ষীয় উদ্যোগ (এমআইপিএস)’ প্রকল্পের আওতায় এবং ‘ইউথ পিস অ্যাম্বাসেডর গ্রুপ (ওয়াইপিএজি)’ এর আয়োজনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। ‘দ্য হাঙ্গার প্রজেক্ট, বাংলাদেশ’ এর সার্বিক সহযোগিতায় এবং ‘যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন’ এর অর্থায়নে দিবসটি উদ্যাপন করা হয়।

আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে আয়োজিত কর্মসূচির অংশ হিসেবে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারসংলগ্ন এলাকা থেকে একটি বর্ণাঢ্য যুব র্যালি বের করা হয়। র্যালিটি বাজারের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। এতে স্থানীয় তরুণ-তরুণী, শান্তির দূত, বিদ্যালয়ের শিক্ষার্থী ও সুশীল সমাজের প্রতিনিধিরা অংশ নেন।

র্যালি শেষে আয়োজিত সংক্ষিপ্ত সমাবেশে পিএফজির সমন্বয়কারী ওয়াজেদ আলী খান বলেন, “তরুণদের শক্তির বিকল্প নেই, যুবশক্তিরও বিকল্প নেই। দৃষ্টিভঙ্গি বদলাতে হবে, মানুষের মতো মানুষ হতে হবে। রাজনৈতিক দুর্বৃত্তায়ন, মাদক সেবন ও মাদক ব্যবসা থেকে তরুণদের এখনই দূরে রাখতে হবে। কোনোভাবেই যেন মাদক ব্যবসায়ী ও মাদকসেবীরা সমাজের মূলধারায় গিয়ে আধিপত্য বিস্তার করতে না পারে।”

তিনি সাংবাদিক সমাজের প্রতি আহ্বান জানিয়ে বলেন, “সীমান্তবর্তী এ

এলাকায় কোন সীমান্ত দিয়ে মাদক পাচার হয়, কারা মাদক পাচার ও ব্যবসার সঙ্গে জড়িত এবং কারা মাদক সেবন করে এসব বিষয়ে খুব শিগগিরই মুজিবনগর থানা তালিকা করবে এবং জনসম্মুখে তা প্রকাশ করবে। যাতে সাধারণ মানুষ তাদের চিনতে পারে এবং যুবসমাজ ও সমাজের মানুষ তাদের বয়কট করে সমাজ থেকে বিতাড়িত করতে পারে।”

অন্যান্য বক্তারা বলেন, দেশের ভবিষ্যৎ ও চালিকাশক্তি হলো যুবসমাজ। তরুণ প্রজন্মকে মাদকমুক্ত রেখে সুসংগঠিত করা এবং শান্তি ও সম্প্রীতির বার্তা ছড়িয়ে দেওয়ার মাধ্যমেই সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা সম্ভব। সংঘাত এড়িয়ে পারস্পরিক শ্রদ্ধাবোধ ও অসাম্প্রদায়িক বাংলাদেশ গঠনে তরুণদের অগ্রণী ভূমিকা পালনের আহ্বান জানান তারা।

কর্মসূচিতে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ ইউথ পিস অ্যাম্বাসেডর গ্রুপের সদস্যরা উপস্থিত ছিলেন। এ সময় মাদকবিরোধী ও শান্তি-সম্প্রীতির বিভিন্ন স্লোগানে মুখরিত হয়ে ওঠে পুরো এলাকা।

দামুড়হুদায় জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস পালন

দামুড়হুদায় জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে র্যালি, আলোচনা সভা, যুব ঋণের চেক, সনদপত্র ও গাছের চারা বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টায় “প্রযুক্তি নির্ভর যুবশক্তি, বহুপাক্ষিক অংশীদারিত্বে অগ্রগতি” এই স্লোগানকে সামনে রেখে উপজেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তর, দামুড়হুদার যৌথ উদ্যোগে প্রথমে উপজেলা পরিষদ চত্বর থেকে র্যালি বের হয়। র্যালি শেষে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা, যুব ঋণের চেক, সনদপত্র ও গাছের চারা বিতরণ অনুষ্ঠিত হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নাজমুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা

মসজিদের পেশ ইমাম মাওলানা আশরাফুল আলম। গীতা পাঠ করেন নারায়ণ চন্দ্র দাস।

এবারের জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে উপজেলার প্রশিক্ষণপ্রাপ্ত সফল আত্মকর্মী যুবক ও যুবতী মোট ১৭ জনের মাঝে ২৯ লক্ষ টাকার যুব ঋণের চেক, সনদপত্র ও গাছের চারা বিতরণ করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রেজাউল করিম, মশিউর রহমান, শারমিন নাহার, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি রাশেদ অনিক, সফল আত্মকর্মী রোজিনা খাতুন, রিয়াজুল ইসলামসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ।

মেহেরপুরে পিকেএসএফ ও ডিবিএস এর যুব দিবস উদযাপন

মেহেরপুরে বর্ণাঢ্য র্যালির মধ্য দিয়ে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উদযাপন করা হয়েছে।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) -এর আর্থিক সহায়তায় এবং দারিদ্র বিমোচন সংস্থা (ডিবিএস)’র বাস্তবায়িত “রিকভারি এন্ড অ্যাডভান্সমেন্ট অফ ইনফরমাল সেক্টর এমপ্লয়মেন্ট” (রেইজ) প্রকল্পের আওতায় এই দিবসটি উদযাপন করা হয়।

র্যালিটি সকাল সাড়ে ১০টার দিকে জেলা প্রশাসকের কার্যালয় থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ কার্যালয়ে গিয়ে শেষ হয়।

র্যালিতে উপস্থিত ছিলেন, প্রকল্পের সমন্বয়কারী মোঃ হারুন অর রশীদ, অফিসার (এলএসইডি) মোঃ মোফাজ্জেল হোসেন (লিমন), সিএমও মোঃ শাহিন আলী, এও মোঃ জয়নুল আবেদীন প্রমুখ।

এছাড়াও রেইজ প্রকল্পের শিক্ষানবিশ, প্রধান সদস্য, তরুণ

উদ্যোক্তা, ডিবিএস ও রেইজ প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীরা এতে অংশ নেয়।

মুজিবনগরে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উদযাপন

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন অফিসের উদ্যোগে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় বর্ণাঢ্য র্যালি শেষে সকাল ১১টায় উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্যালীতে দি হাঙ্গার প্রজেক্টসহ (ওয়াইপিএজি) বিভিন্ন যুব সংগঠন অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে যুবক-যুবতীদের শপথ পাঠ করান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন। সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাচন অফিসার নুরুল ইসলাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহামুদুল হাসান, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই কামরুজ্জামান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স ও সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

অনুষ্ঠানে উপজেলার ২২ জন প্রশিক্ষিত যুব-যুবতীর মাঝে ১৯ লাখ ২০ হাজার টাকার ঋণের চেক প্রদান করা হয়। পাশাপাশি যুব সংগঠন নিবন্ধন সনদও বিতরণ করা হয়।

অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা যুব উন্নয়ন সহকারী কর্মকর্তা জাফর ইকবাল।